



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন : (০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স ৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬

**BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY**

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : (02) 9205323, FAX : 880-02-9205333, 9205316 Web : www.bsmrau.edu.bd

স্মারক নং- বশেমুরকবি/একা/ এ-১.১৫/২০১৮/৫২৭(ক)

তারিখ : ২২/০২/২০১৮

## এমএস ও পিএইচডি প্রোগ্রামে ছাত্র ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এ সামার ২০১৮ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে এমএস ও পিএইচডি প্রোগ্রামে নিম্নলিখিত বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**এমএসঃ** কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিবনায়ন ও পরিবেশ; এগ্রো-প্রসেসিং; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি; ফসল উদ্ভিদবিদ্যা; এনভাইরনমেন্টাল সায়েন্স; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; অ্যাকোয়াকালচার; ফিশারিজ বায়োলজি অ্যান্ড অ্যাকোয়াটিক এনভাইরনমেন্ট; ফিশারিজ টেকনোলজি; ফিশারিজ ম্যানেজমেন্ট; জেনেটিক্স অ্যান্ড ফিশ ব্রিডিং; অ্যানিম্যাল নিউট্রিশন; ডেয়ারি সায়েন্স; প্যাথলজি; পোল্ট্রি সায়েন্স; থেরিওজেনোলজি; কৃষি অর্থনীতি।

**পিএইচডিঃ** কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিবনায়ন ও পরিবেশ; কৃষিতত্ত্ব; ফসল উদ্ভিদবিদ্যা; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; কৃষি অর্থনীতি।

**যোগ্যতাঃ**

**এমএস প্রোগ্রামঃ**

প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ডিভিএম ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে জিপিএ ৩.০০ (৪.০০এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকতে হবে।

**পিএইচডি প্রোগ্রামঃ**

- (১) কেবল চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- (২) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকতে হবে।
- (৩) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/ এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

ভর্তির আবেদন ফরম, গ্রাজুয়েট ক্যাটালগ ও ভর্তির নিয়মাবলী ২৫/০২/২০১৮ হতে ১১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.bsmrau.edu.bd](http://www.bsmrau.edu.bd) হতে সংগ্রহ করা যাবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর হিসাব নং SND 0219636000036 এ অনলাইনে ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়ে জমারশিদ সহ যথাযথভাবে পূরনকৃত আবেদনপত্রটি নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডীন, গ্রাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হবে।

বিদেশী ছাত্র-ছাত্রীগণ সোনালী ব্যাংক লিঃ, বশেমুরকবি শাখা এর হিসাব নং SND 0219636000036 এ SWIFT CODE Routing No: 200330370 এর মাধ্যমে USD 20 (বিশ ডলার) জমা দিয়ে জমারশিদ আবেদনপত্রের সাথে সংযোজন করবেন।

আবেদনপত্রের সাথে সত্যায়িত নিম্নোক্ত সনদপত্র/ডকুমেন্ট-এর ফটোকপি দাখিল করতে হবে।

- \* ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
- \* এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি প্রোগ্রামের জন্য) ডিগ্রি পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
- \* বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বিদেশি আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।
- \* সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিগ্রি অর্জন করেছেন তাঁর প্রধানের নিকট হতে প্রাপ্ত টেস্টিমোনিয়াল।
- \* টাকা জমাদানের রশিদ।
- \* অস্পষ্ট, অসম্পূর্ণ/ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাতে হবে।

উল্লেখ্য, প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে উপযুক্ত সকল পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং উল্লেখযোগ্য সংখক এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। মেধাবৃত্তি ছাড়াও প্রতিযোগিতার ভিত্তিতে পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (দেশি/বিদেশি) গ্রাজুয়েট রিসার্চ অ্যাসিস্ট্যান্টশিপ (GRA) প্রদান করা হবে।

বিদেশি ছাত্র-ছাত্রীগণও এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বিদেশি ছাত্র-ছাত্রীদের জন্য আবাসনের নিশ্চয়তা থাকবে। বিদেশি ছাত্র-ছাত্রীদের টিউশন ফি দেশি ছাত্র-ছাত্রীদের সমান হবে।

বিস্তারিত তথ্য বশেমুরকবি ওয়েবসাইট [www.bsmrau.edu.bd](http://www.bsmrau.edu.bd) এ পাওয়া যাবে।

  
(প্রফেসর ড. জালাল উদ্দিন আহমেদ)

ডীন, গ্রাজুয়েট স্টাডিজ অনুষদ

ও

সদস্য-সচিব, ছাত্র-ভর্তি কমিটি (এমএস ও পিএইচডি)

ফোন : ৯২০৫৩১৫